মুজিবনগরে জামায়াতে ইসলামীর উদ্যোগে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

মুজিবনগরে বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখা এর উদ্যোগে ডেঙ্গু মশার বিস্তার রোধ,দুর দুরান্ত থেকে চিকিৎসা সেবা নিতে আসা মানুষদের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃষ্টি এবং স্বাস্থ্য কমপ্লেক্স কে ময়লা আবর্জনা এবং রোগ জীবাণু মুক্ত করতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করেছ উপজেলা জামায়তের নেতাকর্মীরা।

নতুন সময়ে জনগণের পাশে থেকে জনগণের জীবনমান উন্নয়ন সহ দেশ গঠনে নানা ভূমিকা পালন করে আসছে বাংলাদেশ জামায়াতে ইসলামী তারই অংশ হিসাবে সোমবার সকালে উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে মুজিবনগর উপজেলা জামায়াতে নেতাকর্মীরা হাসপাতালে আশেপাশে নোংরা আবর্জনা ড্রেন এবং ঝড় জঙ্গল পরিষ্কার করে।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের আমীর মাও.খানজাহান আলী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা জামায়াতের সেক্রেটারি খাইরুল বাসার,উপজেলা তারবিয়াত সেক্রেটারি মাওঃ ফিরাতুল ইসলাম নাঈম, উপজেলা শ্রমিক কল্যান ফেডারেশনের সভাপতি ফজলুল হক গাজি, শ্রমিক কল্যান ফেডারেশনের উপজেলা সেক্রেটারি মাও. আনোয়ার হোসেন, উপজেলা জামায়াতের বায়তুলমাল সেক্রেটারি আমির হোসেন, উপজেলা আদর্শ শিক্ষক পরিষদের সেক্রেটারি মোশাররফ হোসেনসহ ইউনিয়ন আমির, সেক্রেটারি সহ নেতা কর্মীরা।

চুয়াডাঙ্গায় ডেঙ্গু প্রতিরোধে

জেলা পুলিশের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও বর্ণাঢ্য র্যালি

বঙ্গবন্ধুর বাংলাদেশে পুলিশ আছে জনতার পাশে এই প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়।

আজ রবিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানা হতে র্যালি শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুলিশ সুপারের কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

এ সময় তিনি বলেন, বর্তমান আবহাওয়া পরিস্থিতি বিবেচনায় ডেঙ্গু রোগী বিভিন্ন স্থানে সনাক্ত হচ্ছে ।ডেঙ্গু প্রতিরোধে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে ইতিমধ্যে বিভিন্ন প্রকার কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতাই চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি বাহির করা হয়েছে।

উক্ত র্যালিতে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (প্রশাসন), সদর কেন্দ্রিক সকল ইন্সপেক্টরগণ, আরআই, পুলিশ লাইন্সসহ চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্সবৃন্দ।